দৈনিক বাংলা

তারিখ ..JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 5

ডকুমেন্টেশন কেন্দ্র

015

# শিক্ষাঙ্গনে সুস্থ পরিবেশ ফিরিয়ে আনতে হবে: হাসিনা

(স্টাফ রিপোর্টার)

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন: যারা আন্দোলনে চ্যাম্পিয়ন হতে চান তাদের এক ফোঁটা রক্ত আন্দোলনের জন্যে ঝরেনি। বিশেষ এলাকায় বসে কি সমঝোতা হয় বুঝি না। অতিতেব রাজনীতি করেন না বলেও তিনি উল্লেখ করেন।

শেখ হাসিনা গতকাল সন্ধ্যায় ছাত্রলীগ (সু-র) ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল শাখার নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দেন। হল মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন আওয়ামী লীগ নেতা ওবায়দুল কাদের, ছাত্রলীগ (সু-র) সভাপতি সুলতান মোহাম্মদ মনসুর আহমদ, সাধারণ সম্পাদক আবদুর রহমান এবং বিশ্ববিদ্যালয় [illegible] নেতা মনিরুজ্জামান বাদল ও মমতাজউদ্দীন মেহেদী। মমতা এনো মিঠু এতে সভাপতিত্ব করেন।

আওয়ামী লীগ সভানেত্রী তার বক্তৃতায় বলেন, এক বছর পূর্বেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## হাসিনা

(প্রথম পৃঃ পর)

খারাপ ছিল। বোমাবাজি-সন্ত্রাস ছিল নিত্য-নৈমিত্তিক ঘটনা। কিন্তু ছাত্রলীগসহ সংগ্রাম পরিষদের প্রচেষ্টায় বর্তমানে ক্যাম্পাসে অনেকাংশে সুস্থ পরিবেশ ফিরে এসেছে।

শেখ হাসিনা এ প্রসঙ্গে আরও বলেন, ক্যাম্পাসে সুস্থ পরিবেশ বজায় থাকবে কিনা তা নির্ভর করছে বিশ্ববিদ্যালয় ক্ষমতা কার হাতে থাকবে তার ওপর। এ ব্যাপারে ছাত্রছাত্রীদেরও সচেতন হতে হবে।

আট দলীয় জোট নেত্রী আরও বলেন, রাজনীতি জবর দখলের বিষয় নয়। কিন্তু এখানে রাজনীতিকে কলুষিত করা হয়েছে। শিক্ষাঙ্গনের মত জাতীয় রাজনীতিতেও অস্ত্রের খেলা বন্ধ করে সুস্থ পরিবেশ ফিরিয়ে আনতে হবে বলে তিনি উল্লেখ করেন।

সাত দফা প্রসঙ্গে শেখ হাসিনা বলেন: দেশে সংসদীয় রাজনীতির ধারা পুনঃপ্রতিষ্ঠা, রাজনৈতিক স্থিতিশীলতা এবং অর্থনৈতিক স্বনির্ভরতা প্রতিষ্ঠার জন্যে এই দফাসমূহ ঘোষণা করা হয়েছে। তিনি অভিযোগ করেন যে দেশের নারীসমাজ অবহেলিত। আওয়ামী লীগ নেত্রী বলেন, নারী হিসাবে আমার পক্ষপাত সবসময় তাদের প্রতি থাকবে। সুযোগ পেলে তাদের জন্যে পদক্ষেপ নেয়া হবে।

ওবায়দুল কাদের বলেন, আসন্ন ডাকসু নির্বাচনে স্বাধীনতা, গণতন্ত্র ও প্রগতির পক্ষে রায় দিয়ে শেখ হাসিনার হাত শক্তিশালী করতে হবে।